



অবিলম্বে প্রকাশের জন্য

১৩ নভেম্বর, ২০২০

যোগাযোগ: সেয়ারা মিলার, 800-362-5461, এক্সটেনশন 212

SBAM ক্ষুদ্র ব্যবসাগুলোকে শীতের সময় টিকে থাকতে সাহায্য করার জন্য LEO থেকে ৩ মিলিয়ন মার্কিন ডলার অনুদানের ব্যবস্থা করছে নতুন অনুদান কর্মসূচি ব্যবসাগুলোকে সম্প্রসারিত হতে এবং শীত-বান্ধব বহিরাঙ্গন সক্ষমতা অর্জনে সাহায্য করবে

ল্যান্সিং, মিশিগান – ক্ষুদ্র ব্যবসাগুলোকে সামনের শীতের সময়ে সফলভাবে টিকে থাকতে সাহায্য করতে এবং COVID-19 এর সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ করতে, স্মল বিজনেস অ্যাসোসিয়েশন অব মিশিগান মিশিগানের শ্রম ও অর্থনৈতিক সুযোগ বিভাগ (LEO)-এর সঙ্গে অংশীদার হয়ে উপযুক্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের শীতের মাসগুলোতে ঘরের বাইরের ধারণক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করতে আবহাওয়া প্রতিরোধের জন্য সহায়তা হিসেবে কমপক্ষে ৩ মিলিয়ন মার্কিন ডলার অনুদানের ব্যবস্থা করছে। উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলো আবহাওয়া মোকাবেলায় সক্ষম অস্থায়ী আউটডোর ফ্যাসিলিটি স্থাপনের জন্য ১,০০০ - ১০,০০০ মার্কিন ডলার পাওয়ার আবেদন করতে পারবে, অন্যদিকে উপযুক্ত মিউনিসিপ্যালিটি এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলো সর্বোচ্চ ১৫,০০০ মার্কিন ডলার পর্যন্ত পাওয়ার আবেদন করতে পারবে।

মিশিগানের ব্যবসায়ীদের শীত মোকাবেলার প্রচেষ্টায় সাহায্য করতে LEO COVID-19 ফেডারেল ফান্ডিং ব্যবহার করছে এবং এই অনুদান ফেডারেল CARES আইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

SBAM-এর প্রেসিডেন্ট ব্রায়ান ক্যালি বলেন, "মিশিগানের ক্ষুদ্র ব্যবসায়ীদের আবহাওয়া মোকাবেলার জন্য দেওয়া এই অনুদান যে এই শীতে একটি বড় পার্থক্য তৈরি করতে যাচ্ছে তাতে কোনো সন্দেহ নেই।" "COVID-19

(আরও দেখুন)

মহামারীর এই সময়ে নিরাপদে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য ঘরের বাইরে বসার ব্যবস্থা এবং ধারণক্ষমতা পুরোপুরি কাজে লাগানো স্টেটজুড়ে ব্যবসাগুলোর জন্য বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এবং শীতের সময় সেই ধারণক্ষমতা নষ্ট হয়ে যায় বলে ব্যবসাগুলোকে তাদের সম্প্রসারণ এবং আউটডোর ধারণক্ষমতা আবহাওয়া মোকাবেলার উপযোগী করে তুলতে সহায়তা প্রদান ক্ষুদ্র ব্যবসাগুলো টিকিয়ে রাখার সঙ্গে শীতের সময়ে সবাইকে নিরাপদ রাখার একটি গুরুত্বপূর্ণ উপায়।"

LEO-এর ভারপ্রাপ্ত পরিচালক সুজান করবিন বলেন, "SBAM-এর সঙ্গে অংশীদার হিসেবে কাজ করে আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলোকে তাদের কর্মচারী, গ্রাহক এবং কমিউনিটিকে COVID-19 সংক্রমণ থেকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ সরবরাহ করতে পেরে আমরা গর্বিত।" "মহামারী চলাকালীন পুরো সময়ব্যাপী মিশিগানের ক্ষুদ্র ব্যবসাগুলো যথাযথ সুরক্ষামূলক বিধিমালা মেনে চলে আমাদের অর্থনীতিকে উন্মুক্ত রাখতে তাদের ভূমিকা পালন করেছে। এই ফেডারেল অনুদান তাদের অস্থায়ী আউটডোর ফ্যাসিলিটি তৈরিতে অর্থ যোগাতে সাহায্য করবে এবং তাদের গ্রাহক ধারণক্ষমতা বৃদ্ধি করবে এবং সেই সঙ্গে নিশ্চিত করবে যে তাদের কর্মস্থলগুলো আসন্ন শীতের সময়ে নিরাপদ থাকবে।"

নিম্নলিখিত শিল্পখাতগুলোর বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং অলাভজনক প্রতিষ্ঠান যেখানে ৫০ জন অথবা তার চেয়ে কম সংখ্যক পূর্ণকালীন কর্মচারী আছেন, তারা অনুদান পাওয়ার জন্য আবেদন করতে পারবেন:

- রেস্টোরাঁ ও/বা বার
- ব্যাংকোয়েট সেন্টার
- খুচরা পণ্যের দোকান
- জিম ও ফিটনেস সেন্টার
- স্থানীয় সরকার, যেমন ব্যবসার জন্য যৌথ ব্যবহার্য স্থান দিয়ে থাকে এমন সিটি, টাউনশিপ, গ্রাম এবং কাউন্টি
- বাণিজ্যিক সম্পত্তির মালিকগণ যারা ভাড়াটিয়াদের জন্য যৌথ ব্যবহার্য স্থান দিয়ে থাকেন

মিশিগান-ভিত্তিক ব্যবসা মালিকগণ এবং অন্যান্য যোগ্য আবেদনকারীগণ অনুদানের অর্থ অস্থায়ী কার্টামো যেমন ক্যানোপি ও ইগলু নির্মাণের জন্য, অথবা পোর্টেবল হিটার, ঘরের বাইরে ব্যবহারের আসবাবপত্র এবং

(আরও দেখুন)

টেবলওয়ার, রান্নার সরঞ্জাম কেনার জন্য এবং ক্যারি আউট এবং ডেলিভারি সেবা প্রদানের লক্ষ্যে আউটডোর ধারণক্ষমতা বৃদ্ধির জন্য অপরিহার্য অন্যান্য নিরাপত্তা ও সুরক্ষামূলক আপগ্রেড-এর কাজে ব্যবহার করতে পারবেন। অনুদানের সকল অর্থ অবশ্যই আউটডোর ধারণক্ষমতা সম্প্রসারণের ক্ষেত্রে আবহাওয়া মোকাবেলার জন্য ব্যবহার করতে হবে এবং স্থায়ী কাঠামো নির্মাণের জন্য ব্যবহারের অনুমোদন নেই। ১ আগস্ট, ২০২০ থেকে ৩০ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে করা কেনাকাটার জন্য অনুদানের অর্থ উপলভ্য হবে।

আগ্রহী ব্যবসায়ীকে আবহাওয়া মোকাবেলার অনুদানের জন্য www.MiWinterGrants.org ঠিকানায় আবেদন জমা দেয়ার আমন্ত্রণ জানানো হচ্ছে। আবেদনগুলো অবশ্যই ১৮ নভেম্বর, ২০২০ তারিখ EST মান সময় অনুযায়ী মধ্যাহ্ন থেকে শুরু করে জমা দিতে হবে। যোগ্য ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মধ্যে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে অনুদানের অর্থ বন্টন করা হবে, বিশেষ বিবেচনায় [মিশিগানের সমৃদ্ধির পথে থাকা অঞ্চলগুলোর](#) প্রতিটির জন্য কমপক্ষে ১০টি অনুদান প্রদান করাও এতে অন্তর্ভুক্ত। পুরোপুরি বিশদ তথ্যের জন্য এবং আরও জানতে ভিজিট করুন SBAM.org/weather.

স্মল বিজনেস অ্যাসোসিয়েশন অব মিশিগান এককভাবে শুধু পরামর্শ, সহযোগিতা এবং ক্রয়ক্ষমতা প্রদানের মাধ্যমে মিশিগানের ক্ষুদ্র ব্যবসা কমিউনিটিকে সেবা দিতে সচেষ্ট থাকে। বর্তমানে তারা মিশিগানের ৮৩টি কাউন্টির সবগুলোতে ২৮,০০০-এর বেশি সদস্যকে সেবা দিচ্ছে। SBAM ক্যাপিটল থেকে শুধু এক ব্লক দূরত্বে, ল্যান্সিং-এ অবস্থিত।

###

(আরও দেখুন)